২৭০ ২৭/০৭/২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
**উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো**
২৩২/১ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।
www.bnfe.gov.bd

বিষয় : **উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর ২০২২-২০২৩ অর্থ বৎসরের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন বিষয়ক নৈতিকতা কমিটির ১ম সভার কার্যবিবরণী।**

সভাপতি : মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ঢাকা।
স্থান : ব্যুরোর সম্মেলন কক্ষ।
তারিখ : ১৪ সেপ্টেম্বর ২০২২; সময়: বেলা ১১-৩০ ঘটিকা।
উপস্থিতি : পরিশিষ্ট ''ক'' দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

| ক্র.নং | আলোচ্য বিষয়/আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | **প্রাতিষ্ঠানিক ব্যবস্থা** | | |
| ১.১ | **নৈতিকতা কমিটির সভা:** ২০২২-২০২৩ অর্থবছরে ত্রৈমাসিক ভিত্তিতে নৈতিকতা কমিটির ২টি সভা আয়োজনের লক্ষ্য নির্ধারণ করা হয়েছে। | ২০২২-২০২৩ অর্থ বছরের গৃহীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ২য় কোয়ার্টার ও ৪র্থ কোয়ার্টারের নৈতিকতা কমিটির সভা করতে হবে এবং কার্যবিবরণী প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ ও ব্যুরোর ওয়েব সাইটে আপলোড নিশ্চিত করতে হবে। | উপ-পরিচালক (প্রশাঃ ও অর্থ), উশিব্যু। |
| ১.২ | **নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন:** গৃহীত সিদ্ধান্ত যথাসময়ে বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে আন্তরিকতার সাথে দায়িত্ব পালনের ওপর গুরুত্বারোপ করা হয়। | নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত যথাসময়ে সঠিকভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | সকল কর্মকর্তা, উশিব্যু/ প্রকল্প পরিচালক, বিএলপি, উশিব্যু। |
| ১.৩ | **সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা:** মাঠ পর্যায়ে কর্মসূচি বাস্তবায়নে সংশ্লিষ্ট এনজিওদের সাথে ত্রৈমাসিক ভিত্তিতে ৪টি সভা করার লক্ষ্য নির্ধারণ রয়েছে। | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে ত্রৈমাসিক ভিত্তিতে সভা করতে হবে। | উপ-পরিচালক (বাস্তবায়ন), উশিব্যু। |
| ১.৪ | **শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন:** ২০২২-২০২৩ অর্থবছরে প্রধান কার্যালয় ও জেলা কার্যালয়ের ২০০ জন কর্মকর্তা/কর্মচারীদের শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ প্রদানের লক্ষ্য স্থির করে প্রশিক্ষণ আয়োজনের পরিকল্পনা করা হয়েছে। | প্রশিক্ষণ মড্যুয়েলে শুদ্ধাচার সংক্রান্ত বিষয় অন্তর্ভুক্ত রেখে প্রধান কার্যালয় ও জেলা কার্যালয়ের লক্ষ্যস্থিত ২০০ জন কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান যথাসময়ে সম্পন্ন করতে হবে। | উপ-পরিচালক (প্রশিক্ষণ), উশিব্যু। |
| ১.৫ | **কর্ম-পরিবেশ উন্নয়ন:** ৩১/১২/২০২২ তারিখের মধ্যে কর্ম-পরিবেশ উন্নয়নের লক্ষ্য স্থির করা হয়েছে। সভায় সংশ্লিষ্ট সকলকে আন্তরিকতার সাথে দায়িত্ব পালনের ওপর গুরুত্বারোপ করা হয়। | লক্ষ্যস্থিত তারিখের মধ্যে অফিসের কর্ম-পরিবেশ উন্নয়নে যথাযথ কার্যক্রম গ্রহণ করতে হবে। | উপ-পরিচালক (প্রশাঃ, অর্থ ও লজিঃ) ও ষ্টোর কর্মকর্তা, উশিব্যু। |
| ১.৬ | **আওতাধীন দপ্তর/সংস্থা (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান:** ৩১/১২/২০২২ এবং ৩০/০৬/২০২৩ তারিখের মধ্যে ফিডব্যাক প্রদানের লক্ষ্যস্থির আছে। | জেলা পর্যায়ে গৃহীত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন প্রেরণের ১০/১০/২০২২ তারিখের মধ্যে পত্র প্রেরণ করতে হবে। | সহকারী পরিচালক, জেউশিব্যু, সকল জেলা। |

| ক্র.নং | আলোচ্য বিষয়/আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ২. | **আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন** | | |
| ২.১ | **২০২২-২৩ অর্থ বছরের ক্রয় পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ) ওয়েবসাইটে প্রকাশ:** বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুমোদনপূর্বক তা ওয়েবসাইটে আপলোডের জন্য ৩০/০৬/২০২২ এবং ৩০/৩/২০২৩ লক্ষ্যস্থির করা হয়েছে। বার্ষিক ক্রয় পরিকল্পনা ৩০/০৬/২০২২ তারিখে ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। | ৩০/৬/২০২২ তারিখের মধ্যে অনুমোদিত ক্রয় পরিকল্পনা (revised) ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। সংশোধিত ক্রয় পরিকল্পনা ৩০/০৬/২০২৩ তারিখের মধ্যে ওয়েব সাইটে আপলোড করতে হবে। | সিস্টেম এনালিষ্ট/ উপ-পরিচালক (পরিকল্পনা)/ উপ-পরিচালক (প্রশাঃ ও অর্থ), উশিব্যু। |
| ২.২ | **অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনা যথাযথ বাস্তবায়ন (প্রকল্পের ক্রয় পরিকল্পনাসহ):** অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুযায়ী কার্যক্রম গ্রহণে সকলকে আন্তরিকতার সহিত কাজ করা আহবান জানানো হয়। | লক্ষ্যস্থিত ২৫% অনুযায়ী ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন করতে হবে। | উপ-পরিচালক (পরিকল্পনা/প্রশাসন ও অর্থ), উশিব্যু। |
| ২.৩ | **বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন:** প্রতি কোয়ার্টারে ২৫% বাস্তবায়ন হারে গৃহীত বার্ষিক উন্নয়ন কর্মসূচি ১০০% বাস্তবায়ন করা হবে। | গৃহীত বার্ষিক উন্নয়ন কর্মসূচি ১০০% বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | উপ-পরিচালক (পরিকল্পনা ও মনিটরিং), উশিব্যু। |
| ২.৪ | **প্রকল্পের PSC ও PIC সভা আয়োজন:** এ বিষয়ে এ অর্থ বছরে কোন লক্ষ্যস্থিত করা না হলেও এ সভা করার বিষয়ে সকলকে আরো বেশি উদ্যোগী হওয়ার পরামর্শ প্রদান করা হয়। | প্রকল্পের PSC ও PIC এর সভা নির্ধারিত সময়ে আয়োজন করে লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে। | উপ-পরিচালক (পরিকল্পনা ও মনিটরিং), উশিব্যু। |
| ২.৫ | **প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা:** আউট অব স্কুল চিলড্রেন কর্মসূচির সমাপ্তিতে আগামী ৩০/৬/২০২৩ তারিখে প্রকল্পের সম্পদ বিধি মোতাবেক হস্তান্তরের লক্ষ্যস্থির করা হয়েছে। কর্মসূচি সমাপ্তির দুই মার্স পূর্ব হতে এ বিষয়ে কার্যক্রম গ্রহন করার বিষয়ে আলোকপাত করা হয়। | আউট অব স্কুল চিলড্রেন কর্মসূচি সমাপ্তি শেষে আগামী ৩০/৬/২০২৩ তারিখে কর্মসূচির সমুদয় সম্পদ বিধি মোতাবেক হস্তান্তর নিশ্চিত করতে হবে। | উপ-পরিচালক (প্রশাঃ, অর্থ ও লজিঃ) ও ষ্টোর কর্মকর্তা, উশিব্যু। |
| ৩. | **শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম** | | |
| ৩.১ | **সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ:** যদিও কোন লক্ষ্যস্থিত নেই তথাপি যানবাহনের যথাযথ ব্যবহারের বিষয়টি নিশ্চিতকরণার্থে প্রশাসন ও লজিস্টিকস শাখার কর্মকর্তাসহ সকল শাখার কর্মকর্তাগণকে অধিকতর সচেষ্ট থাকার আহবান জানানো হয়। এ বিষয়টি সরকারের সর্বোচ্চ অগ্রাধিকারের একটি বিষয়। | সরকারি যানবাহন যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে। | উপ-পরিচালক (প্রশাঃ ও অর্থ)/ সহকারী পরিচালক (অর্থ ও লজিঃ), উশিব্যু। |
| ৩.২ | **দুর্নীতি প্রতিরোধে সচেতনতা বৃদ্ধির জন্য একদিনের কর্মশালা আয়োজন:** দাপ্তরিক কাজে স্বচ্ছতা, জবাবদিহিতা নিশ্চিতকরণার্থে দুর্নীতি প্রতিরোধে সচেতনতা বৃদ্ধির জন্য একদিনের কর্মশালা আয়োজনের জন্য ৩০/১০/২০২২ এবং ৩০/০৩/২০২৩ তারিখের লক্ষ্যস্থিত রয়েছে। তদানুযায়ী কার্যক্রম গ্রহণ করার জন্য সংশিষ্ট শাখার কর্মকর্তাগণকে সচেষ্ট থাকার আহবান জানানো হয়। | লক্ষ্যস্থিত তারিখের মধ্যে কর্মশালার আয়োজন করতে হবে। | উপ-পরিচালক (প্রশিক্ষণ), উশিব্যু। |
| ৩.৪ | **সেবা গ্রহীতাদের অভিযোগ/দুর্ভোগ প্রতিকার ব্যবস্থা:** ৩১/১০/২০২২ এবং ৩০/০৩/২০২৩ তারিখের মধ্যে সেবা গ্রহীতাদের অভিযোগ/দুর্ভোগ প্রতিকারের লক্ষ্যস্থির করা হয়েছে। | ৩০/১০/২০২২ তারিখের মধ্যে সেবা গ্রহীতাদের প্রাপ্তব্য অভিযোগ/দুর্ভোগ প্রতিকারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপ-পরিচালক (প্রশাঃ ও অর্থ)/ সহকারী পরিচালক (অর্থ ও লজিঃ), উশিব্যু। |

| ক্র.নং | আলোচ্য বিষয়/আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৩.৫ | **মোটিভেশনাল প্রশিক্ষণ প্রদান:** প্রতি ত্রৈমাসিকে ৫০ জন করে ব্যুরোর সর্বমোট ২০০ জন কর্মকর্তা/কর্মচারীকে উক্ত প্রশিক্ষণ প্রদান করার লক্ষ্য স্থির করা হয়েছে। | প্রশিক্ষণ মড্যুয়েলে মোটিভেশনাল সংক্রান্ত বিষয় অন্তর্ভুক্ত রেখে প্রধান কার্যালয় ও জেলা কার্যালয়ের লক্ষ্যস্থিত ২০০ জন কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান যথাসময়ে সম্পন্ন করতে হবে। | উপ-পরিচালক (প্রশিক্ষণ), উশিব্যু। |

অতঃপর আর কোন আলোচনা না থাকায় জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ বাস্তবায়নে অধিকতর যত্নবান হওয়ার আহবান জানিয়ে এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৭/৯/২০২২

(মু. নুরুজ্জামান শরীফ এনডিসি)
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
ফোনঃ ২২২২৮৭৮৯৫
e-mail: dg@bnfe.gov.bd

স্মারক সংখ্যা: ৩৮.০০.০০০০.৩০৭.১৬.১০৬.২২-২০১

তারিখ: ১২ আশ্বিন ১৪২৯ / ২৭ সেপ্টেম্বর ২০২২

**কার্যার্থে:**

১। পরিচালক (প্রশাসন ও অর্থ/পরিকল্পনা, মনিটরিং ও মূল্যায়ন), উশিব্যু, ঢাকা।
২। সিস্টেম এনালিষ্ট, উশিব্যু, ঢাকা---(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। উপ-পরিচালক (পরিকল্পনা, মনিটরিং ও মূল্যায়ন/ প্রশিক্ষণ ও বাস্তবায়ন/ প্রশাসন ও অর্থ), উশিব্যু, ঢাকা।
৪। সহকারী পরিচালক (সকল), উশিব্যু, ঢাকা।
৫। লাইব্রেরিয়ান/ষ্টোর অফিসার/সহকারী প্রোগ্রামার, উশিব্যু, ঢাকা।
৬। সহকারী পরিচালক, জেউশিব্যু (সকল), জেলাঃ.........................................
৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, উশিব্যু, ঢাকা---(মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮। অফিস কপি।

**সদয় জ্ঞাতার্থে:**

সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২৭/৯/২০২২

(মোহাম্মদ খালেদ)
সহকারী পরিচালক (প্রশিক্ষণ)
ফোনঃ ২২২২৯২৭৪০

F:\Office\শুদ্ধাচার\কার্যবিবরণী.doc